

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং : ৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৩.১৮- ২০১ (২)

তারিখঃ ০৮.০২.২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ জনাব কামরুন নাহার, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা, গাজীপুর এর স্থগিত বেতন-ভাতা (stop paymen) চালুসহ তাঁর বকেয়া বেতন-ভাতা প্রদান বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান প্রসঙ্গে।

- সূত্র (১) জনাব কামরুন নাহার, সহকারী শিক্ষক, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা এর আবেদন তারিখঃ ১০.০১.২০১৮ খ্রিঃ।
(২) পূবাইল রহমানিয়া আলিম মাদরাসার সভাপতি কর্তৃক জারিকৃত অধ্যক্ষকে বরখাস্ত সংক্রান্ত আদেশপত্র তারিখঃ ১৮.০৯.২০১৪ খ্রিঃ।
(৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১জি/২৩০বি/২০০০৬/১৪৪৮/৬ তারিখঃ ০১.০৩.২০১৫ খ্রিঃ।
(৪) পূবাইল রহমানিয়া আলিম মাদরাসার গভর্নিং বডি'র রেজুলেশন তারিখঃ ১০.০৫.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, জনাব কামরুন নাহার, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা কর্তৃক ১ নং স্মারক মূলে মাদরাসা শিক্ষা অধিদপ্তরে একটি আবেদন দাখিল করা হয়।

০২. দাখিলকৃত আবেদনে জনাব কামরুন নাহার কর্তৃক জানানো হয়েছে যে, সূত্রোক্ত ২নং স্মারক মূলে ১৮.০৯.২০১৪ তারিখে সভাপতি, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা কর্তৃক জারিকৃত পত্রাদেশ বলে জনাব কামরুন নাহার, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা-কে বরখাস্ত করা হয় কপি (কপি সংযুক্ত)।

০৩. জনাব কামরুন নাহার, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র যাচাই-এ দেখা যায় যে, সূত্রোক্ত ৩ নং স্মারক পত্রের আদেশ (কপি সংযুক্ত) বলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জনাব কামরুন নাহার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা এর বেতন-ভাতাদি মার্চ, ২০১৫ খ্রিঃ এমপিও কপিতে stop payment করার জন্য নির্দেশনা প্রদান করা হয় যা আজোবধি বহাল আছে।

০৪. দাখিলকৃত আবেদনে আরো উল্লিখিত হয়েছে যে, ইতোমধ্যে stop paymen এর বিষয়টি (১৮.০৯.২০১৪ থেকে অন্যবধি) প্রায় তিন বছর ধরে চলমান আছে বিধায় তিনি (জনাব কামরুন নাহার, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা) সভাপতি, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা এর নিকট সহকারী শিক্ষক পদে পুনর্বহালের জন্য একটি আবেদন করেন এবং আবেদনটি সুপারিশের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মেহের আফরোজ চুমকি, এম.পি (গাজীপুর-০৫) নিকট দাখিল করেন। মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক জনাব কামরুন নাহার এর আবেদনের উপর "মানবিক কারণে আবেদন বিবেচনার জন্য সুপারিশ করছি"- মর্মে সুপারিশ করা হয় (কপি সংযুক্ত)।

০৫. এরপর প্রতিমন্ত্রী মহোদয়ের সুপারিশকৃত জনাব কামরুন নাহার এর পুনর্বহাল সংক্রান্ত আবেদনপত্রটি সভাপতি বরাবর দাখিল করা হয়। মাননীয় প্রতিমন্ত্রীর সুপারিশের প্রেক্ষিতে গত ১০.০৫.২০১৭ খ্রিঃ তারিখে বর্ণিত মাদরাসায় গভর্নিং বডি'র এক সভা অনুষ্ঠিত হয় এবং উক্ত সভায় গভর্নিং বডি'র সকল সদস্যের সম্মতিক্রমে জনাব কামরুন নাহার, সহকারী শিক্ষক, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা-কে মানবিক কারণে সাময়িক বরখাস্ত হতে অব্যাহতি প্রদানপূর্বক স্বপদে (সহকারী শিক্ষক পদে) পুনঃ বহাল করা হয় (কপি সংযুক্ত)।

০৬. এরপর জনাব কামরুন নাহার, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা সাময়িক বরখাস্ত হতে অব্যাহতি পেয়ে স্বপদে যোগদান করেন এবং তিনি তাঁর স্থগিত বেতন-ভাতা (stop paymen) চালু করার জন্য ১ নং স্মারক মূলে মাদরাসা শিক্ষা অধিদপ্তরে আবেদন করেন।

০৭. বর্ণিত মাদরাসার জনাব কামরুন নাহার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), (১৮.০৯.২০১৪ থেকে অন্যবধি) প্রায় তিন বছর যাবৎ সাময়িক বরখাস্ত/বেতন স্থগিত থাকার কারণে অর্থনৈতিকভাবে মানবেতর জীবন যাপন করছেন। বর্তমানে তিনি সহকারী শিক্ষক পদে পুনর্বহাল হলেও তাঁর বেতন-ভাতা স্থগিত (stop paymen) রয়েছে বিধায় তিনি (জনাব কামরুন নাহার, সহকারী শিক্ষক, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা) স্থগিত বেতন-ভাতা চালুসহ বকেয়া বেতন-ভাতা প্রাপ্তির জন্য মাদরাসা শিক্ষা অধিদপ্তরে আবেদন করেছেন।

০৮. যেহেতু সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক জনাব কামরুন নাহার এর স্বপদে বহাল মানবিক কারণে (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক দোষী/নির্দোষী প্রমাণিত হওয়ার ভিত্তিতে নয়) সেহেতু তাঁর স্থগিত বেতন-ভাতা চালুসহ বকেয়া বেতন-ভাতা প্রদানের বিষয়ে মহোদয়ের মতামত প্রয়োজন।

০৭. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়গুলো বিবেচনায় এনে জনাব কামরুন নাহার, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা এর স্থগিত বেতন-ভাতা (stop paymen) চালুসহ তাঁর বকেয়া বেতন-ভাতা বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করছি।
সংযুক্তি: নর্ণনা মতে- ০৬ ফর্দ।


সচিব

কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।

দৃ:আ:-যুগ্ম সচিব, মাদরাসা, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

অনুলিপি:

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল।
০২. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাজীপুর সদর, গাজীপুর।
০৪. অফিস কপি।


০৪.০২.১৮

(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৪১০৩০১৬৭

ই-মেইল-dgdmeb@gmail.com